

**B. Mus. (Honours) Examination 2018**  
**Semester-VI**  
**Drama and Theatre Arts.**  
**Course : BDTAC-63 (H-15)**

**Time : 3 Hours**

**Full Marks : 40**

Questions are of value as indicated in the margin

প্রতি প্রশ্নের মান দক্ষিণ পার্শ্বে উল্লিখিত

প্রতি গুচ্ছের উত্তর আবশ্যিক।

‘ক’-গুচ্ছ

১। যথাসম্ভব সংক্ষিপ্ত উত্তর লেখো। ১×১০=১০

- ক) অয়াদিপাউস-এর পালক পিতা-মাতার নামোল্লেখ করো।
- খ) অয়াদিপাউসের (সফোক্রেস) রচনাকাল উল্লেখ করো।
- গ) হ্যামলেট-এর দুইজন বন্ধুর নামোল্লেখ করো।
- ঘ) ইবসেন-এর ‘এ ডলস্ হাউস’ কোন জাতীয় নাটক ?
- ঙ) নুরজাহান-এর পূর্বনাম কি ?
- চ) শম্ভুমিত্র কোন ছদ্মনামে প্রথমে ‘চাঁদ বণিকের পালা’ রচনা করেন ?
- ছ) এবং ইন্দ্রজিৎ নাটকের বইটির প্রচ্ছদপট কে এঁকেছিলেন ?
- জ) ‘রাজা’ নাটকের প্রথম সংলাপটির প্রথম লাইন লেখো।
- ঝ) বিসর্জন নাটকের রচনাকাল উল্লেখ করো।
- ঞ) মুক্তধারা নাটকের প্রথমে কি নাম ছিল ?

‘খ’-গুচ্ছ

২। যে কোন একটি প্রশ্নের উত্তর লেখো : ১০×১=১০

- ক) পিতা-পুত্রীর ট্রাজেডি’র প্রেক্ষিতে সফোক্রেসের ত্রি-নাট্যের সংক্ষিপ্ত আলোচনা করো।
- খ) ‘রোমানটিক-নায়ক হ্যামলেট’-এলিজাবেথীয় ট্রাজেডির প্রেক্ষিতে সংক্ষিপ্ত আলোচনা করো।
- গ) ‘ইবসেন-এর ‘গোস্টস’-একটি আদর্শ “ওয়েলমেড প্লে”-এ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- ঘ) মহাভারতের কাহিনী আশ্রিত হলেও কালিদাসের ‘অভিজ্ঞান-শকুন্তলম্’ একটি স্বয়ংসম্পূর্ণ রচনা— এ প্রসঙ্গে সংক্ষিপ্ত মতামত দাও।

৩। সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোন একটি) : ৫×১=৫

- (ক) রাণী ইয়োকাস্তে (খ) এ মিড সামার নাইটস্ ড্রিম (গ) চরিত্র ওফেলিয়া
- (ঘ) অনসূয়া-প্রিয়ংবদা (ঙ) মৃচ্ছকটিকম্

‘গ’-গুচ্ছ

৪। যে কোন একটি প্রশ্নের উত্তর লেখো : ১০×১=১০

- ক) ‘সাজাহান’ নাটকের প্রেমিস কি ? এ নাটকের পিভোটাল চরিত্র কে ? এবং নাটকের অগ্রগতি ও পরিণতিতে তাঁর ভূমিকাটি সংক্ষেপে আলোচনা করো।
- খ) নর-নারায়ণ নাটকের কর্ণ চরিত্রটিকে ট্রাজেডির আলোকে সংক্ষেপে বিশ্লেষণ করো।
- গ) এবং ইন্দ্রজিৎ নাটকটি কোন শ্রেণীর এবং এ জাতীয় নাট্যশ্রেণীর বৈশিষ্ট্য সমূহের সংক্ষিপ্ত আলোচনা করো।

P.T.O.

(2)

ঘ) বিসর্জন নাটকের কেন্দ্রীয় চরিত্রটি এ নাটকের অগ্রগতিতে কিভাবে সাহায্য করেছে?— সংক্ষেপে তোমার মতামত লেখো।

৫। সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোন একটি) :

৫×১=৫

ক) চরিত্র জাহানারা।

খ) চরিত্র দ্রৌপদী।

গ) চাঁদবণিকের পালা।

ঘ) চরিত্র সুমিত্রা।

ঙ) চরিত্র বিল্বমঙ্গল।

---